

আজ এইচএসসি ও সমমানের ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

১৭ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৭ জুলাই ২০১৯ ০৮:৫৯



এ বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হবে আজ ১৭ জুলাই বুধবার। দুপুর ১টা থেকে শিক্ষার্থীরা ফল জানতে পারবে মোবাইল ফোনে এসএমএস, বোর্ডের ওয়েবসাইটে এবং স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকে। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি দুপুর সাড়ে ১২টায় সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লেষণ কক্ষে সংবাদ সংশ্লেষণে ফলের তথ্য-উপাত্ত তুলে ধরবেন।

সকাল ১০টায় সব বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী দীপু মনি এবং শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এই পরীক্ষার ফলের সারসংক্ষেপ গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করবেন। এইচএসসি ও সমমানের তত্ত্বাবধান পরীক্ষা গত ১ এপ্রিল থেকে ১১ মে পর্যন্ত অনুষ্ঠিত হয়। ১২-২১ মে অনুষ্ঠিত হয় ব্যবহারিক পরীক্ষা।

এ পরীক্ষায় ১৩ লাখ ৫১ হাজার ৫০৫ জন শিক্ষার্থী অংশ নিয়েছিল। ৭ দিন পর্যন্ত পুনঃনিরীক্ষার আবেদন : প্রকাশিত ফলে সন্তুষ্ট না হলে পরবর্তী ৭ দিন (১৮-২৪ জুলাই) পর্যন্ত পুনঃনিরীক্ষণের আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। পুনঃনিরীক্ষণের আবেদন করতে জরুর লিখে স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

advertisement

ফিরতি এসএমএসে ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর (পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর) দেওয়া হবে। আবেদনে সম্মতি থাকলে জরুর লিখে স্পেস দিয়ে গড়ো লিখে স্পেস দিয়ে পিন নম্বর লিখে স্পেস দিয়ে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। প্রতিটি বিষয় ও প্রতি পত্রের জন্য দেড়শ টাকা হারে চার্জ কাটা হবে।

যেসব বিষয়ের দুটি পত্র (প্রথম ও TM^{বি} তৃতীয় পত্র) রয়েছে যেসব বিষয়ের ফল পুনঃনিরীক্ষার আবেদন করলে দুটি পত্রের জন্য মোট ৩০০ টাকা ফি কাটা হবে। একই এসএমএসে একাধিক বিষয়ের আবেদন করা যাবে, এ ক্ষেত্রে বিষয় কোড পর্যায়ক্রমে ‘,’ দিয়ে লিখতে হবে। তবে অনলাইন ছাড়া কোনো আবেদন গ্রহণ করা হবে না বলে জানিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।